মেহেরপুরে ছাত্রলীগের প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভা

মেহেরপুরে বাংলাদেশ ছাত্রলীগের ৭৪ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ৮ নম্বর ওয়ার্ড ছাত্রলীগের উদ্যোগে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে।

মঙ্গলবার রাতে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণে এ কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা ছাত্রলীগের সহ সভাপতি দুলাল মাহামুদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবকলীগের আহবায়ক আরিফুল এনাম বকুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ন আহবায়ক সোয়েব রহমান, পৌর স্বেচ্ছাসেবক লীগের সাধারণ সম্পাদক ইবনে মামুন, যুগ্ম সাধারণ সম্পাদক সুইট মাহামুদ,সহ সম্পাদক প্রকাশ কুমার পাত্র। এছাড়াও ছাত্রলীগের সদস্য আসিফ ,সাকিব আলিফ, ইবুসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে হুইস্কিসহ যুবক আটক

মেহেরপুর জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের অভিযানে ১ বোতল হুইস্কিসহ সালমান হোসেন (২৫) নামের এক যুবককে আটক করা হয়েছে।

মঙ্গলবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় মেহেরপুর শহরের চুলকানির মোড় এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক সালমান হোসন সদর উপজেলার হরিরামপুর গ্রামের আলী হোসেনের ছেলে।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের এসআই অজয় কুমার কুন্ডুর নেতৃত্বে এএসআই হেলাল উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে শহরের নতুনপাড়া চুলকানির মোড় এলাকায় অভিযান পরিচালনা করে সালমান হোসন কে আটক করে।

এসময় তার কাছ থেকে ১ বোতল (৭৫০মিঃ লিঃ) হুইস্কিসহ উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে সদর থানা নিয়মিত মামলা রুজু প্রক্রিয়াধীন।

শৈলকূপা ও হরিণাকুণ্ডু উপজেলার ২০টি ইউনিয়নে কাল ভোট গ্রহণ

টান টান উত্তেজনা ও প্রার্থীদের হৃদস্পন্দনের মধ্য দিয়ে ঝিনাইদহের শৈলকূপা ও হরিণাকুণ্ডু উপজেলার ২০টি ইউনিয়নে আগামীকাল বুধবার নির্বাচন অনুষ্ঠিত হবে। নির্বাচনকে ঘিরে নজীরবিহীন নিরাপত্তা গড়ে তোলা হয়েছে। নিরাপত্তার চাদরে ঢেকে দেওয়া হয়েছে শৈলকূপা ও হরিণাকুণ্ডু উপজেলার ২০টি ইউনিয়ন।

ঝিনাইদহ জেলা প্রশাসক মজিবর রহমান এক পরিপত্রে নির্বাচন কমিশনের স্টিকার ব্যাতিত রাস্তাঘাটে মোটরসাইকেল, পিকআপ ও ট্রাক চলাচল নিষিদ্ধ করে সার্কুলার জারি করেছেন।

বিশেষ করে পঞ্চম ধাপে অনুষ্ঠিত ইউপি নির্বাচনকে কেন্দ্র করে শৈলকূপায় একাধিক হত্যাকাণ্ড সংঘটিত, ভাংচুর, নৌকায় আগুন ও ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। হরিণাকুণ্ডুর চাঁদপুর ও রঘুনাথপুর ইউনিয়নেও হামলার ঘটনা ঘটে। এ সব দিক বিবেচনা করে দুইটি উপজেলায় বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

মঙ্গলবার দুপুর থেকেই নিরাপত্তা কর্মীরা ভোট কেন্দ্রের দায়িত্ব বুঝে নিয়েছেন। ব্যালট ও বাক্স ব্যতিত সকল প্রকার নির্বাচনী সরঞ্জাম পৌছে গেছে। আগামীকাল সকালে ব্যালট ও বাক্স কেন্দ্রে পৌছে দেওয়া হবে। পুলিশ, র্যাব, বিজিবি ও আনসার বাহিনীর সঙ্গে থাকবে স্ট্রাইকিং ফোর্স। নির্বাহী ম্যাজিষ্ট্রেট ও জুডিশিয়াল ম্যাজিষ্ট্রেটের নেতৃত্বে ভ্রাম্যমান আদালত টহল প্রদান করবেন।

জেলা নির্বাচন কর্মকর্তা আঃ ছালেক জানান, ইউনিয়ন পরিষদ ভোটে হরিণাকুণ্ডুর ৮টি ইউনিয়নে ৮২টি ও শৈলকূপার ১২টি ইউনিয়নে ১১২টি ভোট কেন্দ্রে রয়েছে। শৈলকূপা উপজেলার ৩টি ইউনিয়নে আওয়ামী লীগের তিন প্রার্থী বিনা ভোটে চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। বাকী ৯টি

ইউনিয়নে চেয়ারম্যান পদে ৩১ জন প্রার্থী প্রতিদ্বন্দিতা করছেন। এছাড়া ১২ ইউনিয়নে সংরক্ষিত মহিলা সদস্য পদে ১২৩ জন ও সাধারণ সদস্য পদে ৩২৮ জন প্রতিদ্বন্দিতা করছেন।

শৈলকূপায় মোট ভোটার সংখ্যা ২ লাখ ৩২ হাজার ৩৮ জন। এর মধ্যে পুরষ ভোটার ১ লাখ ১৬ হাজার ২৬৭ ও মহিলা ভোটার ১ লাখ ১৫ হাজার
৭৭১। জেলা নির্বাচন অফিস থেকে জানানো হয়েছে, শৈলকুপার উমেদপুর. হাকিমপুর ও ধলহরাচন্দ্র ইউনিয়নের ২৭টি কেন্দ্রে ইভিএম পদ্ধতিতে ভোট গ্রহন করা হচ্ছে।

এদিকে হরিণাকুন্ডু উপজেলার ৮টি ইউনিয়নে কেন্দ্রে রয়েছে ৮২টি। সেখানে চেয়ারম্যানের ৮টি পদে প্রতিদ্বন্দিতা করছেন ৩৭ জন প্রার্থী। এছাড়া সংরক্ষিত মহিলা সদস্য পদে ৮৫ জন ও সাধারণ সদস্য পদে ২৬৩ জন প্রতিদ্বন্দিতা করছেন। ৮টি ইউনিয়নে মোট ভোটার সংখ্যা ১ লাখ ৩৯ হাজার ৪১০। এর মধ্যে পুরুষ ভোটার ৭০ হাজার ২১১ ও মহিলা ভোটার ৬৯ হাজার ১৯৯।

দামুড়হুদায় ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবাষিকী পালিত

দামুড়হুদায় জাঁকজমকপূর্ণ আয়োজনের মধ্যেদিয়ে ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়েছে। দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের আয়োজনে মঙ্গলবার বেলা সাড়ে ১১ টার দিকে উপজেলা অডিটোরিয়াম হল চত্বরে অনুষ্ঠানের শুরুতেই সমবেত কন্ঠে জাতীয় সংগীতের তালে জাতীয় পতাকা ও ছাত্রলীগের দলীয় পতাকা উত্তোলন করেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মনজু, আওয়ামী লীগ নেতা ও জেলা পরিষদ সদস্য শফিউল কবীর ইউসুফ, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সাধারণ সম্পাদক হযরত আলী, উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিক ও সাধারণ সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

পরে একই স্থান থেকে এক বিশাল বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি দামুড়হুদা উপজেলা শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে একই

স্থানে এসে শেষ হয়। র্যালি শেষে অডিটরিয়াম হলে দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিকের সভাপতিত্বে আলোচনা সভা ও কেক কাটা অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহাফুজুর রহমান মনজু।

বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, সদর ইউনিয়ন আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ও উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক এবং সদর ইউনিয়ন পরিষদের নবনির্বাচিত চেয়ারম্যান হযরত আলী, উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট, সাবেক ছাত্রলীগ নেতা নিশান তরফদার। এছাড়াও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত আওয়ামী লীগ, যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীগণ।

এসময় জয় বাংলা, জয় বঙ্গবন্ধু, শেখ হাসিনা এগিয়ে চলো, ছাত্রলীগ তোমার সাথে, বিভিন্ন দলীয় শ্লোগানে শ্লোগানে প্রকম্পিত হয়ে উঠে সমাবেশ স্থল। মনোমুগ্ধকর উপস্থাপনায় সমগ্র অনুষ্ঠান পরিচালনা করেন দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সাধারন সম্পাদক সাজু আহাম্মেদ রিংকু।

চুয়াডাঙ্গায় জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযান

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, চুয়াডাঙ্গা জেলা কার্যালয় কর্তৃক সদর উপজেলার বড়বাজার চৌরাস্তা ও নীলমনিগঞ্জ এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালিত হয়েছে।

মঙ্গলবার নীলমনিগঞ্জের মেসার্স সারমানো এলপিজি ফিলিং স্টেশনসহ ০৪টি প্রতিষ্ঠানে জরিমানা করা হয়। অভিযানে বড়বাজার মেসার্স আসিফ মেডিকোকে মেয়াদ উত্তীর্ণ ও বিক্রয় নিষিদ্ধ ফিজিশিয়ান স্যাম্পল ঔষধ বিক্রয়ের অপরাধে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৭,৫১ ধারায় ৬ হাজার টাকা, মেসার্স জনতা ফার্মেসিকে মেয়াদ উত্তীর্ণ ঔষধ

রাখার অপরাধে ৫১ ধারায় ৪ হাজার টাকা, রয়েল কাউন্টারের পাশে মেসার্স বাপ্পি ফল ভান্ডারকে ২ হাজার টাকা জরিমানা করা হয়।

পরবর্তীতে একটি লিখিত অভিযোগের প্রেক্ষিতে নীলমনিগঞ্জের মেসার্স সারমানো পেট্রোলিয়াম লিমিটেড নামক এলপিজি ফিলিং স্টেশনে অভিযান পরিচালিত হয়। সরকার কর্তৃক নির্ধারিত মুল্যের চেয়ে বেশি মুল্যে এলপিজি গ্যাস বিক্রয়ের প্রমাণ পাওয়ায় উক্ত অপরাধে প্রতিষ্ঠানটিকে আইনের ৪০ ধারায় ২০ হাজার টাকা জরিমানা করা হয়।

সকাল সাড়ে ১১ টার দিকে এ অভিযান পরিচালিত হয়। অভিযানে ০৪টি প্রতিষ্ঠানকে মোট ৩২ হাজার টাকা জরিমানা করা হয়। সহযোগিতায় ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম।

জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে বলে জানিয়েছেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গার সহকারী পরিচালক সজল আহমেদ।

মেহেরপুরে নানা আয়োজনে ছাত্রলীগের ৭৪ তম জন্মদিন পালন

জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পমাল্য অর্পণ ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজনের মধ্যে দিয়ে মেহেরপুর ও গাংনীতে বাংলাদেশ ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী প্রতিষ্ঠাবার্ষিকী পালন করা হয়েছে।

মঙ্গলবার সকালের দিকে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশাসন প্রতিমন্ত্রীর বাসভবনের সামনে জাতীয় ও দলীয় পতাকা উত্তোলন শেষে জাতির পিতা বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুশ্পমাল্য অর্পণ করা হয়।

মেহেরপুর জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাধনের নেতৃত্বে পুশ্পমাল্য অর্পণ করা হয়। পুশ্পমাল্য শেষে আয়োজিত সমাবেশে বক্তব্য রাখেন মেহেরপুর সরকারী কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হাসান আসিফ।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ সভাপতি শাহ আলী উল্লাহ সোহাগ, দপ্তর সম্পাদক ইব্রাহিম, মুজিবনগর উপজেলা ছাত্রলীগের সভাপতি হেলাল উদ্দীন লাভলু, সাধারণ সম্পাদক শেখ শাকিব, মেহেরপুর সদর উপজেলা ছাত্রলীগের সভাপতি জুলফিকার নাঈম বায়োজিদ, সরকারী কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক কুতুব উদ্দীন আহমেদ।

এদিকে বাংলাদেশ ছাত্রলীগের ৭৪তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে গাংনী উপজেলা ছাত্রলীগের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালি, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুশ্পমাল্য অর্পণ, কেক কাটা, আলোচনা সভাও মনোঙ্গ সাংস্কৃতি আয়োজন করে।

বিকালে একটি বিরাট শোভাযাত্রা গাংনী শহীদ রেজাউল চত্তর থেকে শুরু হয়ে হাসপাতাল বাজার ঘুরে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

শোভাযাত্রাতে মেহেরপুর জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক, পৌর আওয়ামীলীগের সভাপতি সানোয়ার হোসেন বাবলু, সম্পাদক আনারুল ইসলাম বাবু, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুস সালাম বাঁধন, সাধারণ সম্পাদক মুনতাছির জামান মৃদুল, গাংনী উপজেলা ছাত্রলীগের সভাপতি সেন্টু, সম্পাদক অনিক ইসলাম উপস্থিত ছিলেন।

পরে শহীদ রেজাউল চত্ত্বরে আয়োজিত আলোচনা সভায় সভাপতিত্ব করেন সেন্টু। সম্পাদক অনিক ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এম এ খালেক।

এসময় গাংনী উপজেলা ছাত্রলীগের বিভিন্ন স্তুরের নেতা কর্মীরা উপস্থিত ছিলেন। রাতে একই মঞ্চে মনোঙ্গা সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

ঝিনাইদহে অপহরণ মামলা তুলে না নেওয়ায় বাদিকে মারধর

ঝিনাইদহ সদর উপজেলার তিওড়দহ গ্রামে অপহরণ মামলা তুলে না নেওয়ায় রজনী খাতুন (৩৫) নামের এক নারীকে পিটিয়ে যখম করেছে মামলার আসামীরা। এ ঘটনায় আবারো পরিবারের পক্ষ থেকে মামলা দায়ের করেছে ভুক্তভোগী ওই নারী।

আহতের স্বজনরা জানায়, গত বছরের ৩০ সেপ্টেম্বর তিওড়দহ গ্রামের কামাল হোসেনের নাবালিকা মেয়ে মিনা খাতুনকে অপহরণ করে নিয়ে যায় প্রতিবেশী মিজানুরের ছেলে হৃদয় হোসেন। এ ঘটনায় কামাল হোসেনের স্ত্রী রজনী খাতুন বাদি হয়ে নারী ও শিশু নির্যাতন দমন আইনে একটি মামলা দায়ের করে। মামলা দায়েরের পর মামলার আসামী মিজানুর রহমানসহ অন্যান্যরা মামলা তুলে নিতে হুমকি-ধামকি শুরু করে। এ ঘটনায় বাদি ঝিনাইদহ সদর থানায় একটি সাধারণ ডায়েরিও করে। জিডির পর যেন আরও ক্ষিপ্ত হয়ে ওঠে তারা।

মামলা তুলে না নেওয়ায় গত ২৮ ডিসেম্বর মিজানুর রহমান, তার ভাই আলিনুর রহমান, শওকত হোসেন পিকুল হোসেন, মকছেদ আলী, ইউনুচ আলী, লিটন হোসেন, মোক্তার হোসেন, আব্দুল ওরফে নব, আজিম হোসেন, চঞ্চলসহ অজ্ঞাত আরও ১০ জন বাদীর বাড়িতে হামলা চালায়। এসময় তারা বাড়িতে ভাংচুর ও লুটপাটের পাশাপাশি রজনী খাতুনকে বেধঢ়ক মারপিট করে। সেখান থেকে তাকে উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতালে ভর্তি করা হয়।

এ ঘটনায় আহত রজনী খাতুন বাদী হয়ে আসামীদের বিরুদ্ধে মামলা দায়ের করেছে। দ্রুত আসামীদের গ্রেফতার ও অপহৃত মিনা খাতুনকে উদ্ধারের দাবী জানিয়েছেন তারা।

এ ব্যাপারে হাটগোপালপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস আই রবি শংকর নাগ বলেন, মারধরের ঘটনায় থানায় মামলা হয়েছে। পিকুল হোসেন নামের একজনকে গ্রেফতারও করা হয়েছে। বাকি আসামীদের গ্রেফতারে অভিযান চলছে।

ঝিনাইদহে মাছের সাথে শত্রুতা !

ঝিনাইদহ সদর উপজেলার ঘোড়ামারা গ্রামে পুর্ব শত্রুতার জের ধরে জাহাঙ্গীর হোসেন নামের এক মাছ ব্যবসায়ীর ২ লাখ টাকার মাছ বিষ প্রয়োগ করে মেরে ফেলার অভিযোগ উঠেছে। এ ঘটনায় ক্ষতিগ্রস্থ ওই ব্যবসায়ী বিভিন্ন দপ্তরে অভিযোগ দিয়েছেন। সোমবার গভীর রাতে এ ঘটনা ঘটে।

ভুক্তভোগী জাহাঙ্গীর হোসেন বলেন, ১ লাখ ১০ হাজার টাকা দিয়ে গিয়াস উদ্দিন নামের এক ব্যক্তির কাছ থেকে পুকুর লীজ নিয়ে মাছের চাষ করে আসছেন তিনি। পুকুরে রুই, মৃগেল, বাটাসহ মিশ্রজাতের মাছের পোনা ছেড়েছিলেন তিনি। সোমবার গভীর রাতে কে বা কারা তার পুকুরে বিষ প্রয়োগ করে। সকালে পুকুরের পানিতে মৃত মাছ ভেসে ওঠে। এতে তার ২ লাখ টাকার ক্ষতি হয়েছে বলে জানান তিনি।

জাহাঙ্গীর হোসেন অভিযোগ করেন, তার প্রতিবেশী মিন্টু মোল্লা, মিকাইল মোল্লা, জাহাঙ্গীর মোল্লা, বিপুল মোল্লা, স্বপন মোল্লা দীর্ঘদিন ধরে মাছ মেরে দেওয়ার হুমকি দিয়ে আসছিল। তারাই এ ঘটনা ঘটাতে পারে বলে অভিযোগ করেন তিনি।

এ ব্যাপারে ঝিনাইদহ সদর থানার ওসি শেখ মোহাম্মদ সোহেল রানা বলেন, এ ঘটনায় থানায় কোন অভিযোগ আসেনি। অভিযোগ পেলে তদন্ত করে দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে।

গাংনীর বেতবাড়িয়াতে মজিবর রহমান স্মৃতি প্রি-ক্যাডেট

স্কুলের উদ্বোধন

মেহেরপুরের গাংনী উপজেলার বেতবাড়িয়াতে মজিবর রহমান স্মৃতি প্রি-ক্যাডেট স্কুলের উদ্বোধন করা হয়েছে।

সোমবার সকাল ১১ ঘটিকায় মেহেরপুর জেলার গাংনী উপজেলার বেতবাড়ীয়াতে এ স্কুলের উদ্বোধন করা হয়।

মজিবর রহমান স্মৃতি প্রি-ক্যাডেট স্কুলের প্রতিষ্ঠাতা ও সভাপতি মাসুদ রেজার সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা শিক্ষা অফিসার আলাউদ্দীন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মোস্তফা কামাল।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক রেজাউল হক মাষ্টার, যুবলীগ নেতা আমিদুর কবির রিপন, কাজীপুর ডিগ্রি কলেজের সাবেক শিক্ষক মুঞ্জরুল হোসেন টকি, বালিয়াঘাটের প্রধান শিক্ষক সাহাব উদ্দীন, রফিকুল ইসলাম পথিক, বিশিষ্ট সমাজসেবক মতিয়ার রহমান মোল্লা, বেতবাড়ীয়া মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক রফিকুল ইসলাম, হাড়াভাঙ্গা মাদ্রাসার সিনিয়র শিক্ষক ও কাজীপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান স্বপন, গোয়ালগ্রাম মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক এখলাস উদ্দিন,গোয়ালগ্রাম বালিকা ম্যাধমিক বিদ্যালয়ে প্রধান শিক্ষক সাইফুল ইসলামসহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক, গণমাধ্যম কর্মী, এলাকার গণ্যমান্য ও রাজনৈতিক নেতৃবৃন্দ।

অনুষ্ঠানের শুরুতে ফিতা কেটে উদ্বোধন করেন অনুষ্ঠানের সভাপতি মাসুদ রেজার মাতা মর্জিনা খাতুন। স্বাগত বক্তব্য রাখেন, মাহাদিয়া রায়সা ও মজিবর রহমান স্মৃতি প্রি-ক্যাডেট স্কুলের প্রধান শিক্ষক রুহুল হুদা।

দামুড়হুদায় বেসিক ট্রেড কোর্স “মটর সাইকেল সার্ভিসিং এর উদ্বোধন

দামুড়হুদায় উপজেলা সমাজসেবা অধিদপ্তর ও ঊষা বাংলাদেশের যৌথ উদ্যোগে “ছিন্নমূল, অনগ্রসর, এতিম ও সুবিধা বঞ্চিত জনগোষ্ঠীর সামাজিক উন্নয়ন ও ক্ষমতায়নের জন্য বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান” শীর্ষক প্রকল্পের আওতায় ৩ মাস ব্যাপী ৩৬০ ঘন্টার বেসিক ট্রেড কোর্স “মটর সাইকেল সার্ভিসিং” এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

সোমবার দুপুর ২টার সময় দামুড়হুদা উপজেলার নতুন হাউলি গ্রামে নদী এগ্রো প্রাইভেট লিমিটেড এর সেমিনার কক্ষে সমাজসেবা অধিদপ্তর ও ঊষা বাংলাদেশের যৌথ উদ্যোগে “মটর সাইকেল সার্ভিসিং” এর শুভ উদ্বোধন অনুষ্ঠানের সভাপতিত্ব করেন ঊষা বাংলাদেশ-এর নির্বাহী পরিচালক দিলীপ কুমার পোদ্দার।

প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার। তিনি বলেন সমাজসেবা ও ঊষা’র যৌথ উদ্যোগে মটর সাইকেল সার্ভিসিং” এর ট্রেড কোর্স শতশত বেকার জনগোষ্ঠীর আত্মনির্ভরশীল ভাবে গড়ে তুলবে, তারা সমাজ ও পরিবারের বোঝা হয়ে থাকবেনা।

তারা একটি কর্মসংস্থানের পথ খুঁজে পাবে, তিনি আরো বলেন সমাজসেবা অফিস ও বিভিন্ন সামাজিক উন্নয়ন সংগঠন গুলো বেশী বেশী করে বিভিন্ন কাজের ট্রেড কোর্স প্রশিক্ষণের মাধ্যমে হাজার হাজার নারী পুরুষের কর্মসংস্থানের দ্বার উন্মোচিত করলেই আমরা পাবো একটি স্বনির্ভর জনগোষ্ঠী, আমরা ডিজিটাল সোনার বাংলাদেশ গড়ার অঙ্গীকার নিয়ে, কোন কর্মকে ছোট করে না দেখে, বেকার হয়ে ঘরে বসে না থেকে, নিজের কর্মসংস্থানের জন্য পথের দিকে অগ্রসর হবো, তবেই আমার পাবো একটি সুখী ও সমৃদ্ধ সোনার বাংলাদেশ।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা সমাজসেবা অফিসার (অঃ দাঃ) সাঈদ হাসান, নদী এগ্রো প্রাইভেট লিমিটেডের পরিচালক ও দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী। আরো উপস্থিত ছিলেন এনামুল হক শাহিন সিনিয়র প্রশিক্ষক, নূর আলম

প্রধান ট্রেইনার মটরসাইকেল সার্ভিস, আব্দুর রহিম সহকারী ট্রেইনার মটরসাকেল সার্ভিস সহ ট্রেড কোর্সে অংশগ্রহণকারী যুবকরা।

অনুষ্ঠান শেষে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তাছলিমা আক্তার নদী এগ্রো প্রাইভেট লিমিটেড-এর গরুর খামার, কেঁচো কম্পোজ সার প্রজেক্ট, শিশু সাঁতার প্রশিক্ষণ সুইমিংপুল, মৎস্য প্রকল্প, কৃষি সেচ প্রকল্প সহ বিভিন্ন উন্নয়ন মূলক কর্মপরিকল্পনা ঘুরে ঘুরে দেখেন, এবং নদী এগ্রো প্রাইভেট লিমিটেডের বিভিন্ন নয়নাভিরাম প্রকল্প দেখে পরিচালক এম নুরুন্নবীকে সাধুবাদ জানান।